السنّة النبوية وعلومها
www.sunnah.global

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত শুরু করতেন, তখন উভয় হাত তাঁর কাঁধ বরাবর উঠাতেন। আর যখন রুকূ‘তে যাওয়ার জন্য তাকবীর বলতেন এবং যখন রুকূ‘ হতে মাথা উঠাতেন তখনও একইভাবে দু’হাত উঠাতেন।

> ‘আবদুল্লাহ্ ইব্‌নু ‘উমার রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত শুরু করতেন, তখন উভয় হাত তাঁর কাঁধ বরাবর উঠাতেন। আর যখন রুকূ‘তে যাওয়ার জন্য তাকবীর বলতেন এবং যখন রুকূ‘ হতে মাথা উঠাতেন তখনও একইভাবে দু’হাত উঠাতেন এবং سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ বলতেন। কিন্তু সাজদার সময় এমন করতেন না।
>
> [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সালাত একটি মহান ইবাদত। সালাতে শরীরের প্রতিটি অঙ্গের আলাদা ইবাদত রয়েছে। তন্মধ্যে দুই হাত উল্লেখ্যযোগ্য, তার জন্যে রয়েছে আলাদা দায়িত্ব। যেমন সালাতের সৌন্দর্য হিসেবে তাকবীরে তাহরীমার সময় দুই হাত তোলা।তাকবীর আল্লাহর ক্ষমতা ও সত্তার উচ্চতাকে অন্তর্ভুক্ত করে। আর আল্লাহু আকবর আল্লাহর মর্যাদার উচ্চতাকে অন্তভুর্ক্ত করে। আর দুই হাত কাঁধ বরাবর তুলতে হবে। অনুরূপবাবে প্রতি রাকা‘আতে রুকুতে যাওয়ার সময় এবং রুকু থেকে উঠার সময় দুই হাত উঠাবে।এ হাদীসটিতে বর্ণনাকারীর পক্ষ থেকে স্পষ্ট করা হয় যে, হাত উঠানোর কাজটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেজদা থেকে উঠা নামার সময় করতেন না।

https://sunnah.global/hadeeth/bn/show/3095

النجاة الخيرية
ALNAJAT CHARITY
لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee